প্রাইমারি স্কুলের শিক্ষক নির্বাচনের জন্য

# ইন্টারভিউ এবং অ্যাপটিটিউড টেস্ট

(প্র্যাকটিস টিচিং-এর নমুনা সহ)

*Compiled & Edited by*

**Educational Research Development & Review Committee**

**[ERDRC]**



রীতা পাবলিকেশন™

প্রকাশক ও পুস্তক বিক্রেতা

25B, বেনিয়াটোলা লেন, কলকাতা-700 009

Website: *www.ritapublication.com/www.ritapublication.in*

# ভূমিকা

TET পরীক্ষায় সফল আগামী দিনের শিক্ষকদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। দীর্ঘ প্রতীক্ষার পর আপনারা শিক্ষক নির্বাচন প্রক্রিয়ার শেষ পর্যায়ে এসে পৌঁছেছেন। শুধুমাত্র আর একটা পর্যায় অতিক্রম করলেই আপনাদের আকাঙ্ক্ষিত পেশা শিক্ষক হিসেবে নির্বাচিত হবেন। আর সেই শেষ পর্যায় হল ইন্টারভিউ এবং অ্যাপটিটিউড টেস্ট।

প্রাইমারি স্তরে শিক্ষক নির্বাচনের ইন্টারভিউ-এর জন্য মাত্র 10 নম্বর বরাদ্দ হলেও এই ইন্টারভিউ এবং অ্যাপটিটিউড টেস্ট খুবই গুরুত্বপূর্ণ শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে।

ERDRC-র সদস্যদের ঐকান্তিক প্রচেষ্টায় বিশেষ বিশেষ কিছু বিষয়ের প্রতি আলোকপাত করা হয়েছে এই বইটিতে। ইন্টারভিউ-এর জন্য প্রস্তুতি নিতে আপনাদের সহযোগিতা করবে এই বিশেষ বিষয়গুলি। শিক্ষক নির্বাচনের ইন্টারভিউ-এর একটি গুরুত্বপূর্ণ বিষয় হল—Mock Teaching অর্থাৎ কোনো বিষয় আপনি শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের কীভাবে পড়াবেন তার একটি নমুনা ইন্টারভিউ বোর্ডের সামনে আপনাকে উপস্থাপন করতে হবে। প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত একটি করে বিষয়ের পাঠদানের নমুনাও দেওয়া হয়েছে এই বইটিতে। যেগুলি থেকে শ্রেণিকক্ষ পাঠদানের পদ্ধতি সম্পর্কে আপনারা ধারণা পাবেন।

রীতা পাবলিকেশন-এর Primary TET, Upper Primary TET এবং SLST-র বইগুলি বিভিন্ন স্তরের শিক্ষক পদপ্রার্থী শিক্ষার্থীদের কাছে যথেষ্ট জনপ্রিয় হয়েছে। প্রাইমারি **"ইন্টারভিউ এবং অ্যাপটিটিউড টেস্ট"** বইটি প্রকাশের জন্য ধন্যবাদ জানাই রীতা পাবলিকেশনের কর্ণধার শ্রী বিজু ভট্টাচার্য এবং তার সহযোগীদের। ধন্যবাদ জানাই ERDRC-র সকল সদস্যগণকে। এই ইন্টারভিউ-এর সাফল্য লাভের মাধ্যমে শিক্ষকতা পেশায় প্রবেশ করে মূল্যবোধযুক্ত আদর্শ নাগরিক তৈরির প্রচেষ্টা সফল হোক এই কামনা করি।

নভেম্বর, 2024

**সম্পাদক**
**ERDRC**

# প্রাথমিকে শিক্ষক নিয়োগের প্রাসঙ্গিক তথ্য

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ আয়োজিত প্রাথমিকে শিক্ষক নিয়োগ যোগ্যতা নির্ধারণ পরীক্ষা বা টেট-এ ন্যূনতম 60 শতাংশ নম্বর পেয়ে উত্তীর্ণ হতে হয়। শিক্ষাদফতরের সঙ্গে আলোচনার সাপেক্ষে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ শূন্যপদের উপর ভিত্তি করে ইন্টারভিউ ও অ্যাপটিটিউড টেস্টের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করে। ইন্টারভিউ ও অ্যাপটিটিউড টেস্ট মোট 50 নম্বরের হয়ে থাকে। এটিই হল এই পরীক্ষার চূড়ান্ততম পরীক্ষা। এই পরীক্ষায় ফলের উপরে চাকরির ভবিষ্যৎ নির্ভর করবে। এই নম্বরের বিভাজন নীচে দেওয়া হল—

| | | |
|---|---|---|
| 1. | মাধ্যমিক | 05 |
| 2. | উচ্চমাধ্যমিক | 10 |
| 3. | প্রশিক্ষণ | 15 |
| 4. | টেট | 05 |
| 5. | এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটি | 05 |
| 6. | ইন্টারভিউ | 05 |
| 7. | (ক) অ্যাপটিটিউড টেস্ট | |
| | (খ) প্যারা টিচারের অভিজ্ঞতা | 05 |
| | **মোট** | **50** |

উপরে বর্ণিত নম্বর বিভাজনটি নিয়ে একটু বিস্তারিত আলোচনা করা যাক। প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মাধ্যমিকে এবং উচ্চমাধ্যমিকের জন্য বরাদ্দ নম্বর যথাক্রমে 05 এবং 10 অর্থাৎ মাধ্যমিকে 100% নম্বর পেলে প্রার্থী পাবে 5 এবং 80% নম্বর পেলে পাবে 4 নম্বর। একইরকমভাবে উচ্চমাধ্যমিকে 100% নম্বর পেলে পাবে 10 অর্থাৎ মাধ্যমিক/উচ্চমাধ্যমিকের প্রাপ্ত শতকরা হার অনুযায়ী প্রাপ্ত ওই দুটি পরীক্ষার ওয়েটেজ নম্বর নির্ধারিত হবে। যেমন—উচ্চমাধ্যমিকে কেউ যদি 75% নম্বর পেয়ে থাকেন তবে সে এক্ষেত্রে নম্বর পাবে (75% × 10)=7.5। ‘টেট’ পরীক্ষার জন্য বরাদ্দ 05 নম্বরের বিভাজনটিও একই রকম।

প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে একটি অতিরিক্ত বিষয়ের সংযোজন ঘটেছে। সেটি হল ‘অতিরিক্ত যোগ্যতা’ গেমস্, এন সি সি, রাজ্য বা জাতীয় স্তরের প্রতিযোগিতা ইত্যাদিকে এর অন্তর্ভুক্ত করা হয়েছে।

**নম্বর ক্যালকুলেশনের সময় নীচের বিষয়গুলি খেয়াল রাখতে হবে—**

মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকের ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের শতকরা হার অনুপাতে এখানে নম্বর হিসাব করা হবে। অর্থাৎ কোনো প্রার্থী যদি মাধ্যমিকে 80% নম্বর পেয়ে থাকে তবে এখানে 5 নম্বরের 80 শতাংশ নম্বর (5 × 80%) বা 4 নম্বর পাবে।

একইভাবে প্রশিক্ষণে প্রাপ্ত নম্বরের শতকরা হার এবং টেট পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা হার এখানে বিবেচ্য হবে।

**এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটির ক্ষেত্রে নম্বরের বিভাজন নিম্নরূপ—**

| | | |
|---|---|---|
| 1. | গেমস এবং খেলাধুলা | 01 |
| 2. | NCC | 01 |
| 3. | শিল্প ও সাহিত্য | 01 |
| 4. | ড্রামা বা নাটক | 01 |
| 5. | মিউজিক | 01 |
| | **মোট—** | **05** |

**অ্যাপটিটিউড টেস্টের ক্ষেত্রে প্যারা টিচারের অভিজ্ঞতার নিরিখে নম্বরের বিভাজন নিম্নরূপ—**

| | | |
|---|---|---|
| 1. | 10 বছরের বেশি অভিজ্ঞতা | 05 |
| 2. | 8 বছরের বেশি থেকে 10 বছরের অভিজ্ঞতা | 04 |
| 3. | 6 বছরের বেশি থেকে 8 বছরের অভিজ্ঞতা | 03 |
| 4. | 4 বছরের বেশি থেকে 6 বছরের অভিজ্ঞতা | 02 |
| 5. | 4 বছরের নীচে অভিজ্ঞতা | 01 |

# সূচিপত্র


- পার্সনালিটি টেস্ট .. 1-4
- শিক্ষকতা পেশার সঙ্গে সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ বিষয় .. 5-20
- শিক্ষার অধিকার আইন, 2009 (RTE Act, 2009) .. 21-28
- পশ্চিমবঙ্গ (West Bengal) .. 29-53
- পশ্চিমবঙ্গ সরকারের কিছু উল্লেখযোগ্য প্রকল্প .. 54-60
- সাধারণ জ্ঞান: ইতিহাস .. 61-84
  - ভূগোল .. 85-100
  - পদার্থবিদ্যা .. 101-109
  - রসায়ন .. 110-116
  - জীববিদ্যা ও পরিবেশবিদ্যা .. 117-137
- ভারতীয় সংবিধান .. 138-148
- সাহিত্য .. 149-169
- খেলাধুলা .. 170-183
- শিখন তত্ত্ব (Theory of Learning) .. 184-208
- জাতীয় শিক্ষানীতি 2020 .. 209-212
- শ্রেণিকক্ষে পাঠদানকালে অনুসৃত আচরণসমূহ .. 213-247
- 2023-24 অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেট—একনজরে .. 248-252
- সাম্প্রতিক ঘটনাবলি .. 253-344